



# ମୋକ୍ଷମାତ୍ର - ମୃଦୁତି

ଭିନ୍ନ ବର୍ଣେ ଭିନ୍ନ ଦୃଷ୍ଟିତେ

সম্পাদনা

সুବ୍ରତପାଲ ଶୁଭାଶିସ ଭଟ୍ଟାଚାର୍

# লোকসাহিত্য-সংস্কৃতি

ভিন্ন বর্ণে, ভিন্ন দৃষ্টিতে

সম্পাদনা

সুব্রত পাল

শুভাশিস ভট্টাচার্য

প্রকাশন

ISBN  
978-93-81858-50-9

গ্রন্থস্বত্ত্ব : লেখক

প্রথম প্রকাশ  
আগস্ট ২০১৮

প্রকাশক  
গুণেন শীল  
পত্রলেখা  
১০ বি কলেজ রো  
কলকাতা ৯  
যোগাযোগ ৯৮৩১১১০৯৬৩

প্রচ্ছদ  
মৃণাল শীল

বর্ণসংহারক  
অ্যাডওয়েভ কমিউনিকেশন  
কলকাতা-৩৬

মুদ্রক  
ভারতী অফিসেট  
কলকাতা-১১৮

দাম  
৩০০.০০

## সূচি

- লোককথার উৎস সংক্ষান : একটি সরল প্রয়াস — ইন্দ্রমাধব দাস ১৫  
 হারিয়ে যাওয়া রূপকথাগুলি — বিপাশা চৌধুরী ২১  
 ডাক ও খনার বচন : বর্তমান প্রাসঙ্গিকতা — আশিস দেবনাথ ২৬  
 বাংলার লোকসংগীত : লোকজীবনের বিচ্চির আলেখ্য — সজল দাস ৩৬  
 বাংলার টুসু গান : প্রসঙ্গ ভাষা আন্দোলন — মানিক মৈত্র ৪৩  
 ভাওয়াইয়া গান : অর্থনৈতিক ভাবনার আলোকে — তুফান রায় ৫০  
~~প্র্যায়ীমোহনের ভাওয়াইয়া গান~~ : প্রসঙ্গ শিক্ষাভাবনা — সুত্রত পাল ৫৬  
 লোকসাহিত্যে নারী বক্ষনার মুকুর — অর্ঘেষা দাস ৬২  
 বাংলার লোকসাহিত্যে মিথের ব্যবহার — ইশ্বর চন্দ্র বর্মণ ৭২  
 রাজবংশী লোকসাহিত্য : বৈচিত্র্যের অর্ধেকণে — দীপঙ্কর দাস ৮৪  
 আলিপুরদুয়ার জেলায় প্রচলিত প্রবাদ-প্রবচন : সমাজ বাস্তবতা — পতন দাস ৯৭  
 লোককথায় কোচবিহারের লৌকিক দেবতা ধুলিয়া — রবীন্দ্র কুমার বর্মণ ১০৪  
 কুচবিহার অঞ্চলের বিয়ে ও বিয়ের গানে হিন্দু-মুসলিম সম্পর্ক —  
     আমজাদ হসাইন ১০৮  
 পুরুলিয়ার লৌকিক দেব-দেবী : স্বরূপ ও অবস্থান — নবীন দাস ১২০  
 বিশ্বায়ন বনাম লোকজীড়া : আধুনিকতার দাপটে লুপ্তপ্রায় লোকসংস্কৃতি —  
     হাদয় রঞ্জন সরকার ১২৮  
 আর্কিটাইপ্যাল ত্রিনিয়সিজম ও মনসামঙ্গল কাব্য — জয় দাস ১৩৫  
 উত্তরের লৌকিক মহাকাব্য 'গোপীচন্দ্রের গান'—এ রামায়ণের প্রভাব —  
     সপ্তাতি দাস ১৪৩  
 প্রাচীন পূর্ববঙ্গ গীতিকা : প্রসঙ্গ লোকাচার — উত্তম কুমার মণ্ডল ১৪৭  
 লোকজীবন ও লোকমননের স্বরূপ বিচার : প্রেক্ষিত গোসানীমঙ্গল কাব্য —  
     তাপস মণ্ডল ১৬১  
 প্রসঙ্গ লোকচিকিৎসা ও আধুনিক সাহিত্য — মোনাব মণ্ডল ১৭১  
 অনন্দশঙ্কর রায়ের লোকসংস্কৃতি ভাবনা — উত্তম দাস ১৮২  
 মহাশ্঵েতা দেবীর 'ব্যাধথণ' : প্রসঙ্গ শবর লোককথা ও লোককৃত্য —  
     দীপঙ্কর সরকার ১৯০  
 ভগীরথ মিশ্রের 'আড়কাঠি' : লোকবিশ্বাস-লোকসংস্কার প্রসঙ্গ —  
     কৃষ্ণ মোহন ভৌমিক ১৯৯

## প্যারীমোহনের ভাওয়াইয়া গান : প্রসঙ্গ শিক্ষাভাবনা সুরত পাল

প্যারীমোহন দাস (১৯০৮, ১২ই এপ্রিল-১৯৯১, ১০ই সেপ্টেম্বর) উত্তরবঙ্গীয় লোকসাহিত্যে স্বয়ং নায়ক। কোচবিহার জেলার তুফানগঞ্জ মহকুমাস্থিত বলরামপুর আয়ে অত্যন্ত দরিদ্র পরিবারে তাঁর জন্ম। নিতান্ত গ্রাম্য পরিবেশে স্কুলশিক্ষায় ষষ্ঠ শ্রেণি উত্তীর্ণ প্যারীমোহন দাস ছিলেন বহুযুক্তী প্রতিভার অধিকারী। তিনি কবি, গীতিকার, সুরকার, গায়ক, নট ও নাট্যকার। রাজবংশী ও চলিত বাংলা—উভয় ভাষাতেই তিনি সাহিত্যসাধনা করেছেন। ভাওয়াইয়া (ছয় শতাধিক), ভঙ্গীগীতি, দেশাঘৰবোধক, কীর্তনাসের গান, কবিতা, পাঁচালী, লোকনাটক প্রভৃতি রচনা করেছেন। তবে যথাযথ সংরক্ষণের অভাবে তাঁর বহু কবিতা ও গান হারিয়ে গেছে। তাঁর ৯টি গান (১৯৪৭ - ১৯৫১ সালের মধ্যে) ও দুটি লোকনাটক ('দুবুলাবালী', 'পাঁচকন্যা ভাগ্যধর' - ১৯৫২ সালে) প্রামোক্ষেন কোম্পানী কর্তৃক রেকর্ড হয়েছিল। বঙ্গীয় লোকসাহিত্যের ক্ষেত্রে সবিশেষ অবদানের জন্য প্যারীমোহন দাস ১৯৯১ সালে পশ্চিমবঙ্গ সরকার প্রদত্ত 'লালন পুরস্কার'-এর প্রথম প্রাপকের সম্মান অর্জন করেছেন। ১৯৯২ সালে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির আধিক্য অর্থানুকূল্যে তাঁর রচিত কবিতা ও গানের সংকলন 'কথা' নামে প্রকাশিত হয়। এই গ্রন্থ প্রসঙ্গে অমিয়ভূষণ মজুমদার লিখেছেন—

“প্যারীবাবুর সৃষ্টি প্রমাণ করে লোকসাহিত্য প্রাচীনকালে রচিত হয়েছিল এমন বিষয়মাত্রাই নয়, লোকসাহিত্য বর্তমান কালেও রচিত হয়।”

তবুও এই বহুযুক্তী প্রতিভা যেন সঠিক মূল্যায়নের অভাবে অনেকটা অবহেলায় পড়ে আছে। প্রয়োজন যথার্থ গবেষণার। সম্প্রতি প্যারীবাবুর সঙ্গীতচর্চার উরুত অনুভব করে ইলাণী সেন, মনোময় ভট্টাচার্য, রাঘব চট্টোপাধ্যায়, সম্পা কুণ্ড, শ্রীরাধা বন্দ্যোপাধ্যায় প্রমুখ বাংলা গানের খ্যাতিমান শিল্পীগণ তাঁর গানের কয়েকটি অ্যালবাম (ভঙ্গীগীত: 'সুরে শ্রবণে'; দেশাঘৰবোধক: 'জাগো ভাই বাঙালি'; কীর্তনাসের গান: 'প্যারীমোহনের পদাবলী' ও 'প্যারীমোহনের পদ্মীগীতি') প্রকাশ করেছেন। তাঁর কয়েকটি ভাওয়াইয়া গানে কঠ দিয়েছেন বাংলাদেশের রধীন রায় মহোদয়। এছাড়া ভাওয়াইয়া গানের ২টি অডিও ও ২টি ভিডিও অ্যালবাম খুব শীঘ্ৰই প্রকাশের অপেক্ষায়।

ভাওয়াইয়া উত্তরবঙ্গের প্রধান লোকসংগীত হিসেবে পরিচিত। বিশেষ করে রংপুর, দিনাজপুর, এবং কোচবিহারের সংগীতপিয়াসী মানুষজনের কাছে ভাওয়াইয়া সঙ্গীত